গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর
প্রধান কার্যালয়
৪১ সেগুনবাগিচা, ঢাকা-১০০০
www.dnc.gov.bd

**মাদকদ্রব্যের অপব্যবহার ও অবৈধ পাচারবিরোধী আন্তর্জাতিক দিবস ২৬ জুন ২০২৬ উদযাপন উপলক্ষ্যে স্যুভেনির-২০২৬ প্রকাশ সংক্রান্ত সম্পাদনা পর্ষদের সভার কার্যবিবরণী:**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব মোহাম্মদ গোলাম আজম<br>অতিরিক্ত মহাপরিচালক |
| সভার তারিখ | : | ১২ এপ্রিল ২০২৬ |
| সভার সময় | : | ১১: ০০ মিনিট |
| স্থান | : | অধিদপ্তরের সম্মেলন কক্ষ (লেভেল-২) |
| উপস্থিতি | : | পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য |

সভাপতি সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে সদস্য সচিব সভাকে অবহিত করেন যে, মাদকদ্রব্যের অপব্যবহার ও অবৈধ পাচারবিরোধী আন্তর্জাতিক দিবস ২৬ জুন উদযাপন উপলক্ষ্যে প্রতিবছর অধিদপ্তর থেকে একটি স্যুভেনির প্রকাশ করা হয়ে থাকে। এ বছরও যথারীতি স্যুভেনির-২০২৬ প্রকাশিত হতে যাচ্ছে। ইতোমধ্যে স্যুভেনির-২০২৬ প্রকাশের লক্ষ্যে ১৩ টি লেখা পাওয়া গেছে।

০২। প্রকাশিতব্য লেখাগুলো যাচাই-বাছাই করার জন্য নিম্নোক্ত ৩টি কমিটি গঠন করা হয়েছে। কমিটি তিনটি নিম্নরুপঃ

১ নং কমিটি

| | | |
|---|---|---|
| ১ | উপপরিচালক (অপারেশনস্), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা | আহবায়ক |
| ২ | সহকারী পরিচালক (অপারেশনস্), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা | সদস্য |
| ৩ | সহকারী পরিচালক (গবেষণা ও প্রকাশনা), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা | সদস্য সচিব |

২ নং কমিটি

| | | |
|---|---|---|
| ১ | উপপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, বিভাগীয় কার্যালয়, ঢাকা | আহবায়ক |
| ২ | সহকারী পরিচালক (ক্রয় পরিকল্পনা ও উন্নয়ন), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা | সদস্য |
| ৩ | সহকারী পরিচালক (নিরোধ শিক্ষা), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা | সদস্য সচিব |

৩ নং কমিটি

| | | |
|---|---|---|
| ১ | উপপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, মেট্রো কার্যালয় (দক্ষিণ), ঢাকা | আহবায়ক |
| ২ | সহকারী পরিচালক (গোয়েন্দা), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা | সদস্য |
| ৩ | সহকারী পরিচালক (কমন সার্ভিস), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা | সদস্য সচিব |

বর্ণিত তিনটি কমিটি ২২ এপ্রিল ২০২৬ তারিখের মধ্যে পরিচালক (নিরোধ শিক্ষা) এর নিকট হতে রচনাগুলো সংগ্রহপূর্বক রচনাগুলোর মধ্যে কোন রাষ্ট্রবিরোধী, রাজনৈতিকভাবে বিতর্কিত, ধর্মীয় ও সামাজিক মূল্যবোধ বিরোধী, ব্যক্তি স্বাধীনতা পরিপন্থী কোনো লেখা রয়েছে কিনা, লেখাগুলো মৌলিক কিনা (Plagiarism free), লেখাগুলো মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের সার্বিক কার্যক্রমের সাথে সঙ্গতিপূর্ণ কিনা তা যাচাইপূর্বক প্রতিবেদন ৫ মে ২০২৬ তারিখের মধ্যে পরিচালক (নিরোধ শিক্ষা) বরাবর জমা প্রদান করবেন। যাচাই-বাছাইয়ের পর লেখাগুলো সম্পাদনা পর্ষদ সম্পাদনা করবেন। এ লক্ষ্যে বর্ণিত কমিটির সদস্যগণকে সম্মানী প্রদানের বিষয়ে আলোচনা হয়।

৩। সভাপতি বলেন, স্যুভেনিরে প্রকাশের জন্য বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের বিশেষজ্ঞ শিক্ষকগণকে লেখা প্রেরণের আহ্বান জানিয়ে যোগাযোগ করতে হবে। মাদক ও মাদকাসক্তি বিষয়ে বিশেষজ্ঞ ব্যক্তিবর্গ তাদের লেখা ২২ এপ্রিল ২০২৬ এর মধ্যে পরিচালক (নিরোধ শিক্ষা) বরাবর দাখিল করবেন। এ বিষয়ে নিম্নোক্ত কর্মকর্তাগণকে দায়িত্ব প্রদান করা যেতে পারেঃ

ক। পরিচালক (অপারেশনস্), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা
খ। অতিরিক্ত পরিচালক (গোয়েন্দা), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা
গ। উপপরিচালক (অপারেশনস্), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা
ঘ। উপপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর , ঢাকা মেট্রো কার্যালয় (দক্ষিণ) ঢাকা
ঙ। সহকারী পরিচালক (কমন সার্ভিস), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা

৪। পরিচালক (নিরোধ শিক্ষা), প্রকাশিতব্য স্যুভেনির-২০২৬ এর প্রচ্ছদ থিম/ ডিজিইন ২০ এপ্রিল ২০২৬ তারিখের মধ্যে দাখিলের নিমিত্ত বিভাগীয় কার্যালয়সমূহ বরাবর পত্র প্রদান করার নির্দেশনা দেন। চূড়ান্ত প্রচ্ছদ ডিজাইনকারীকে সম্মানী প্রদানের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। প্রাপ্ত প্রচ্ছদ/ডিজাইন যাচাই-বাছাইয়ের নিমিত্ত পরিচালক (নিরোধ শিক্ষা) কে আহবায়ক করে নিম্নবর্ণিত কমিটি গঠন করা হয়ঃ

| | | |
|---|---|---|
| ১ | পরিচালক (নিরোধ শিক্ষা), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা | আহবায়ক |
| ২ | উপপরিচালক (অপারেশনস্), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা | সদস্য |
| ৩ | সহকারী পরিচালক (গবেষণা ও প্রকাশনা), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা | সদস্য সচিব |

৫। উপপরিচালক (নিরোধ শিক্ষা) বলেন, ২৬ জুন ২০২৬ মাদকদ্রব্যের অপব্যবহার ও অবৈধ পাচারবিরোধী আন্তর্জাতিক দিবসটি উদযাপন উপলক্ষ্যে প্রকাশিতব্য স্যুভেনিরে মাননীয় প্রধানমন্ত্রী, মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রী, স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সম্মানিত সিনিয়র সচিব এবং অধিদপ্তরের মহাপরিচালক মহোদয়ের বাণী যথাযথভাবে প্রস্তুত করে স্বাক্ষর সংগ্রহের জন্য নিম্নরূপভাবে দায়িত্ব বন্টণ করা যেতে পারে:

| ক্রঃ নং | বিষয় | কর্মকর্তার পদবী ও কর্মস্থল | দায়িত্ব | কার্যসম্পাদনের সময়সীমা |
|---|---|---|---|---|
| ১। | মাননীয় প্রধানমন্ত্রীর বাণী | ১। অতিরিক্ত পরিচালক মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর বিভাগীয় কার্যালয়, ঢাকা<br><br>২। উপপরিচালক (প্রশাসন) মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর প্রধান কার্যালয়, ঢাকা | বাণীর খসড়া প্রস্তুত অনুমোদন গ্রহণ ও স্বাক্ষর সংগ্রহ | খসড়ার সফট ও হার্ডকপি আগামী ৩০ এপ্রিল ২০২৬ তারিখের মধ্যে বাণী ও ক্রোড়পত্র কমিটির আহ্বায়কের নিকট উপস্থাপনসহ অনুমোদিত খসড়া নিরোধ শিক্ষা অধিশাখা থেকে সংগ্রহ করে আগামী ০৭ মে ২০২৬ তারিখের মধ্যে সংশ্লিষ্ট কার্যালয়ে জমা দান নিশ্চিত করবেন এবং আগামী ১৭ মে ২০২৬ তারিখের মধ্যে স্বাক্ষরযুক্ত বাণী সংগ্রহ করে নিরোধ শিক্ষা অধিশাখায় দাখিল করবেন। |
| ২। | মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রীর বাণী | ১। উপপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর ঢাকা মেট্রো কার্যালয় (দক্ষিণ) ঢাকা<br><br>২। উপপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, বিভাগীয় কার্যালয়, ঢাকা | | |
| ৩। | সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয় মহোদয়ের বাণী | ১. অতিরিক্ত পরিচালক (গোয়েন্দা) মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর প্রধান কার্যালয়, ঢাকা<br><br>২.উপপরিচালক মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর জেলা কার্যালয়, ঢাকা | | |

| ক্রঃ নং | বিষয় | কর্মকর্তার পদবী ও কর্মস্থল | দায়িত্ব | কার্যসম্পাদনের সময়সীমা |
|---|---|---|---|---|
| ৫। | মহাপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর মহোদয়ের বাণী | ১। পরিচালক (নিরোধ শিক্ষা) মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর প্রধান কার্যালয়, ঢাকা<br><br>২। উপপরিচালক (নিরোধ শিক্ষা) মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর প্রধান কার্যালয়, ঢাকা | | মহাপরিচালক মহোদয়ের স্বাক্ষরযুক্ত বাণী আগামী ১৭ মে ২০২৫ তারিখের মধ্যে কমিটির আহ্বায়কের নিকট আবশ্যিকভাবে দাখিল করবেন। |

৬। সভায় বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

৬.১। প্রচ্ছদ এর থিম/ ডিজাইন প্রেরণের জন্য ২০ এপ্রিল ২০২৬ চূড়ান্ত তারিখ দিয়ে পত্র প্রদান করতে হবে।
৬.২। স্যুভেনির-২০২৬ এর লেখা যাচাই ৫ মে ২০২৬ তারিখের মধ্যে নিশ্চিত করতে হবে।
৬.৩। আগামী ১৭ মে ২০২৬ তারিখের মধ্যে মাননীয় প্রধানমন্ত্রী, মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রী, স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সম্মানিত সিনিয়র সচিব এবং অধিদপ্তরের মহাপরিচালক মহোদয়ের স্বাক্ষরযুক্ত বাণী সংগ্রহ করে নিরোধ শিক্ষা অধিশাখায় দাখিল করতে হবে।
৬.৪। আগামী ০৬ মে ২০২৬ তারিখ স্যুভেনির-২০২৬ এর পরবর্তী সভা আহ্বান করতে হবে।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২২/০৪/২০২৬

মোহাম্মদ গোলাম আজম
অতিরিক্ত মহাপরিচালক
ও
আহবায়ক
স্যুভেনির প্রকাশ সংক্রান্ত সম্পাদনা পর্ষদ কমিটি
ফোন:০১৪০৪০৭২০০৩

স্মারক নং: ৫৮.০২.০০০০.০০৭.৩৬.০০৩.২৫. ৮৯ তারিখ: ১২/৪/২০২৬

বিতরণ:
১। পরিচালক (প্রশাসন/ অপারেশনস্/নিরোধ শিক্ষা/চিকিৎসা ও পুর্বাসন ) মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা
২। চীফ কনসালটেন্ট, কেন্দ্রীয় মাদকাসক্তি নিরাময় কেন্দ্র, ঢাকা
৩। প্রধান রাসায়নিক পরীক্ষক, কেন্দ্রীয় রাসায়নিক পরীক্ষাগার, গেন্ডারিয়া, ঢাকা (দৃ:আ: এস. এম. রাজিবুর রহমান সহকারী রাসায়নিক পরীক্ষক, কেন্দ্রীয় রাসায়নিক পরীক্ষাগার, গেন্ডারিয়া, ঢাকা)
৪। অতিরিক্ত পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, বিভাগীয় কার্যালয়, ঢাকা
৫। অতিরিক্ত পরিচালক (গোয়েন্দা), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা
৬। বিজ্ঞ নির্বাহী ম্যাজিস্ট্রেট ও সিনিয়র সহকারী সচিব, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা
৭। উপপরিচালক (প্রশাসন/নিরোধ শিক্ষা/অপারেশনস্), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা

৮। উপপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রন অধিদপ্তর, চট্টগ্রাম মেট্রো (দক্ষিণ) কার্যালয়, চট্টগ্রাম/ ঢাকা মেট্রো (উত্তর/ দক্ষিণ) কার্যালয়, ঢাকা, জেলা কার্যালয়, নারায়ণগঞ্জ/ঢাকা, বিভাগীয় কার্যালয়, ঢাকা

৯। প্রোগ্রামার, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো )

১০। সহকারী পরিচালক (কমন সার্ভিস/ ক্রয়, পরিকল্পনা ও উন্নয়ন/ অপারেশনস্/গোয়েন্দা/ নিরোধ শিক্ষা/ গবেষণা ও প্রকাশনা)

১১। মহাপরিচালকের স্টাফ অফিসার, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)

১১। অতিরিক্ত মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা (অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)

১২। অফিস কপি/মাস্টারফাইল

12.04.26

(মোঃ বাহাউদ্দিন)
উপপরিচালক (নিরোধ শিক্ষা)